


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুবভবন
১০৮, মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd



স্মারকনং- ৩৪.০১.০০০০.০০৫.২৭.০৩১.১৮- ৭৬৫

তারিখ : ০৪-৭-২০২২খ্রি.

বিষয় : অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের জুন ২০২২ মাসের অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- (৩) পাতা।

(মোঃ আজহারুল ইসলাম খান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ২২৩৩৮৯৩৮৯


সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।


দৃ: আ:-জনাব মোঃ আলী হায়দার, সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন
মন্ত্রণালয়/বিভাগের নাম : যুব উন্নয়ন অধিদপ্তর

মাসের নাম : জুন ২০২২

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭
-	০৩(তিন) টি	০৩(তিন) টি	০৩(তিন) টি	<p>০১। অভিযোগকারী জনাব মোঃ মইন নাদিম অভয় আবেদন করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয়ের ওয়েবসাইটে কম্পিউটার বেসিক কোর্সের কোনো নোটিশ দেওয়া হয় না কেন? জেলা কার্যালয়ের নিজস্ব কোনো ওয়েবসাইট নেই। জেলা ওয়েব পোর্টালে ভর্তি পরীক্ষার ফলাফল আপলোড করা হয় না। ফলাফল জেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হয়েছে। ভর্তির জন্য নির্বাচিত প্রশিক্ষার্থীদের ফলাফল প্রয়োজনে মোবাইলে এসএমএস করে ও অবহিত করা হয়ে থাকে। অভিযোগকারী ইতোমধ্যে ভর্তিকৃত। কাজেই অভিযোগটি নিষ্পত্তিকৃত।</p> <p>০২। অভিযোগকারী জনাব সাজ্জাদ হোসেন সাগর আবেদন করেন যে, তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের সাম্প্রতিক নিয়োগ বিজ্ঞপ্তিতে দুইটি পদের জন্য আবেদন করেছেন কিন্তু একটি পদের পরীক্ষার ফি জমা দিতে পারলেও অন্য পদের পরীক্ষা ফি জমা দিতে পারছেন না বিধায় অভিযোগ করেছেন। তাকে মোবাইল ফোনে জানানো হয়েছে যে কিভাবে পরীক্ষার ফি জমা দিতে হবে। এছাড়া অধিদপ্তরের ওয়েবসাইটেও এ সংক্রান্ত নোটিশ জারি করা হয়েছে। তিনি পরীক্ষার ফি জমা দিতে পারছেন বলে পরবর্তীতে মোবাইলে নিশ্চিত করেছেন। এ প্রেক্ষিতে অভিযোগটি নিষ্পত্তি হয়েছে।</p> <p>০৩। অভিযোগকারী জনাব মাধব রঞ্জন ঘোষ, পাবনা আবেদন করেন যে, তিনি যানবাহন চালনা প্রশিক্ষণের একজন প্রশিক্ষার্থী। এই প্রশিক্ষণের কিছু অনিয়মের কথা উল্লেখ করেছেন। তাহার অভিযোগের একটি কপি যানবাহন চালনা প্রশিক্ষণের সহকারী প্রকল্প পরিচালককে দেওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট জেলার (পাবনা) উপপরিচালককে ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে।</p>	০০	


০৪.০৭.২২


০৪.০৭.২০২২
(মো: আতিকুর রহমান)
উপপরিচালক (প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ফোন : ২২৩৩৮৯৯৫২

ddadmin@dud.gov.bd